

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৫৩১৭

আগরতলা, ২৮ মার্চ, ২০২৪

ত্রিপুরা ফরেস্ট ডেভেলপমেন্ট এন্ড প্ল্যান্টেশন
কর্পোরেশনের শিল্প ইউনিট পরিদর্শনে রাজ্যপাল



রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাগ্নু আজ সন্ধ্যায় নাগিছড়াস্থিত ত্রিপুরা ফরেস্ট ডেভেলপমেন্ট এন্ড প্ল্যান্টেশন কর্পোরেশন লিমিটেডের শিল্প ইউনিটগুলি পরিদর্শন করেন। রাজ্যপাল সেখানে গিয়ে পৌঁছালে প্রধান মুখ্য বন সংরক্ষক এবং টিএফডিপিসি'র এমডি ড. এ কানফাডে রাজ্যপালকে স্বাগত জানান। রাজ্যপাল রাবার কাঠ শিল্প ইউনিট, কমন ফেসিলিটি সেন্টার, উনকোটি ক্র্যাফটস ও ফার্নিচার ইউনিট, ক্র্যাফটস ও ফার্নিচার শোরুম, ব্যাঙ্গু ক্র্যাফটস এবং ফার্নিচার ইউনিটগুলি পরিদর্শন করেন। টিএফডিপিসি'র জেনারেল ম্যানেজার অতনু চক্রবর্তী বিভিন্ন ইউনিটের কাজকর্ম সম্পর্কে রাজ্যপালকে অবহিত করেন। রাজ্যপালের পরিদর্শনের সময় টিএফডিপিসি'র সহকারি জেনারেল ম্যানেজার অলক পালও উপস্থিত ছিলেন। রাজভবন থেকে আজ এই সংবাদ জানানো হয়েছে।
